অতীব জরুরী

# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সূত্রঃ এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৮-৪৯৪৮ তারিখঃ মে ২৯, ২০১৮

ব্যবস্থাপনা পরিচালক/নির্বাহী প্রধান
বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**শতভাগ রপ্তানিমুখী তৈরী পোষাক শিল্পের বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের লিয়েন ব্যাংকে যে সকল এলসি নগদায়ন করা হবে তা থেকে মোট রপ্তানি মূল্যের ০.০৩% অর্থ লিয়েন ব্যাংক কর্তৃক কর্তনপূর্বক সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় "Central Fund (RMG Sector)" নামীয় ০৪৪২৬৩৬০০১০১৮ নং এসএনডি হিসাবে স্থানান্তর প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে অত্র বিভাগের ১২/৬/২০১৬ ও ২৭/১২/২০১৬ তারিখের যথাক্রমে এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-১৮ ও এফইপিডি(রপ্তানি নীতি)২২০/২০১৬-৩৩ নম্বর সার্কুলার পত্র এবং একই বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৫/৫/২০১৮ তারিখের ৪০.০০.০০০০.০১৫.০২৮.০০৯.১৬-৭৬ নম্বর ডিও পত্রের (কপি সংযুক্ত) প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলার পত্রের মাধ্যমে শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠানের জন্য কেন্দ্রীয় তহবিল গঠনের লক্ষ্যে শিল্প প্রতিষ্ঠানের প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রাপ্ত এবং নগদায়নকৃত রপ্তানি মূল্যের ০.০৩% হারে অর্থ কর্তন করতঃ সোনালী ব্যাংক লিমিটেড, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় "Central Fund (RMG Sector)" শিরোনামে এসএনডি হিসাবের অনুকূলে স্থানান্তর করা এবং সোনালী ব্যাংক হিসাবে স্থানান্তরিত অর্থ সম্পর্কিত তথ্য সচিব, কেন্দ্রীয় তহবিল পরিচালনা বোর্ডকে অবগত করার জন্য নির্দেশনা দেয়া হয়।

০৩। উক্ত সার্কুলার পত্রে প্রদত্ত নির্দেশনা শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কিছু কিছু ব্যাংক রপ্তানিমূল্য থেকে নির্ধারিত পরিমাণ অর্থ কর্তন করছে না মর্মে জানা যায়। ফলে কেন্দ্রীয় তহবিল-এ প্রত্যাশার তুলনায় অনেক কম অর্থ জমা প্রদান করছে।

০৪। উপরোক্ত প্রেক্ষাপটে শতভাগ রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্পের সকল প্রতিষ্ঠানের এলসি, বায়িং কন্ট্রাক্ট, চুক্তি, পার্চেজ অর্ডার কিংবা এ্যাডভান্স পেমেন্ট ইত্যাদির মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানিমূল্যের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ০.০৩% হারে কর্তনকৃত অর্থ যথানিয়মে সোনালী ব্যাংক লিমিটেড এর কেন্দ্রীয় তহবিলের 'সিআরএমজি সেক্টর' শীর্ষক হিসাব (নং-০৪৪২৬৩৬০০১০১৮)-এ জমাদান করে প্রতিমাসের জমাকৃত অর্থের প্রতিবেদন (অর্থ কর্তন না হলে শূন্য প্রতিবেদন) প্রমাণকসহ পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে বাধ্যতামূলকভাবে **'মহাপরিচালক,কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ২৪ নং টিনশেড, বাংলাদেশ সচিবালয়, ঢাকায়'** দাখিলের বিষয়টি নিশ্চিত করার জন্য আপনাদের নির্দেশনা দেয়া যাচ্ছে।

আপনাদের সকল অনুমোদিত ডিলার ব্যাংক শাখাগুলোকে উপরোক্ত বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

(মোঃ হারুন-অর-রশিদ)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০৬২৫

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ফোন নং-+৮৮-০২-৯৫১৪৩৬৬
ই- মেইল : secretary@mole.gov.bd

ডি.ও. পত্র নং-৪০.০০.০০০০.০১৫.০২৮.০০৯.১৬-৭৬

তারিখ : ০১ জ্যৈষ্ঠ ১৪২৫
১৫ মে ২০১৮

শ্রদ্ধেয় মহোদয়,

সালাম নিবেন। আপনি অবগত আছেন যে, বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এবং শ্রম বিধিমালা ২০১৫ অনুযায়ী শতভাগ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের সকল এলসি নগদায়নের সময় রপ্তানি মূল্যের ০.০৩% অর্থ সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তনপূর্বক শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কেন্দ্রীয় তহবিলের 'সিআরএমজি সেক্টর' নামক হিসাব (হিসাব নং- ০৪৪২৬৩৬০০১০১৮), সোনালী ব্যাংক লিঃ, রমনা কর্পোরেট শাখা, ঢাকায় জমা প্রদান করা হচ্ছে। ইত:পূর্বে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণায়ের অনুরোধের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে সকল ব্যাংকে পত্রের মাধ্যমে বিষয়টি অবগত করেছে এবং সকল ব্যাংকই কেন্দ্রীয় তহবিলে তাদের রপ্তানী মূল্যের ০.০৩% অর্থ জমা করছে বলে প্রতীয়মান হয়। সম্প্রতি বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে যে, কিছু কিছু ব্যাংক রপ্তানিমূল্য থেকে নির্ধারিত পরিমান অর্থ কর্তন করছে না। ফলে কেন্দ্রীয় তহবিল-এ প্রত্যাশার তুলনায় অনেক কম অর্থ তহবিলে জমা প্রদান করছে।

আপনার আরও অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস কারখানায় কর্মরত কোন শ্রমিক কর্মক্ষেত্রে দুর্ঘটনাজনিত অথবা পেশাগত রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলে, স্থায়ী অক্ষমতা ঘটলে এবং শ্রমিকের মেধাবী সন্তানের শিক্ষার ক্ষেত্রে শিক্ষা বৃত্তি প্রদানসহ মহিলা শ্রমিকের মাতৃত্ব কল্যাণে আর্থিক অনুদান এ তহবিল থেকে প্রদান করা হয়। এ পর্যন্ত কেন্দ্রীয় তহবিল থেকে ১৩৩৬ জন মৃত ও আহত শ্রমিক এবং তাদের পরিবারবর্গকে মোট ২৬,৩৮,৫০,০০০/- (ছাব্বিশ কোটি আটত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। এছাড়াও, একটি গার্মেন্টস কারখানার শ্রমিকদের বকেয়া বেতন বাবদ ১০,৩৬,৬৩৯/- (দশ লক্ষ ছত্রিশ হাজার ছয়শত উনচল্লিশ) টাকা পরিশোধ করা হয়েছে।

বর্ণিত অবস্থায়, শতভাগ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পের সকল এলসি নগদায়নের সময় সংশ্লিষ্ট ব্যাংকসমূহ কর্তৃক রপ্তানি মূল্যের ০.০৩% অর্থ কর্তনপূর্বক কেন্দ্রীয় তহবিল-এর 'সিআরএমজি সেক্টর' শীর্ষক হিসাব (হিসাব নং-০৪৪২৬৩৬০০১০১৮)-এ জমা করে প্রমাণকপত্রসহ **'মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ২৪ নং টিনশেড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'**-কে অবহিত করণের বিষয় নিশ্চিতকল্পে আপনার আন্তরিক সহাযোগিতা একান্তভাবে কামনা করছি।

শ্রদ্ধান্তে —

**(আফরোজা খান)**

**জনাব ফজলে কবির**
গভর্ণর
বাংলাদেশ ব্যাংক, ঢাকা।